

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১১৮.১৯-৫৯২

তারিখঃ ০২ অগ্রহায়ণ ১৪২৬
১৭ নভেম্বর ২০১৯

বিষয়ঃ রিট পিটিশন নং-৩৮৫৪/২০১৯ এর প্রেক্ষিতে সরকার পক্ষে প্রতিদ্বন্দিতাকরণসহ গৃহীত কার্যক্রম এ বিভাগকে অবহিতকরণ।

সূত্রঃ মাননীয় হাইকোর্ট হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৩৮৫৪/২০১৯ এর রুলনিশি।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট মামলার বিবরণ নিম্নরূপঃ

| রিট পিটিশন নং | পিটিশনার | রেসপনডেন্টস | মামলা দায়েরের কারণ/বিষয় |
|---------------|---|--|---|
| ৩৮৫৪/২০১৯ | জনাব মো: রেয়াজ উদ্দিন শাহ, টাইপিং ল্যাব এসিস্ট্যান্ট, গোয়ালডিহি টেকনিক্যাল এ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ, খানসামা, দিনাজপুর। | ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ২। মুগ্ধসচিব (কারিগরি ও মাদ্রাসা শিক্ষা), ৩। মহাপরিচালক, DTE, ৪। পরিচালক (এমপিও), DTE, ৫। অধ্যক্ষ, গোয়ালডিহি টেকনিক্যাল এ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ, খানসামা, দিনাজপুর। | দিনাজপুর খানসামা উপজেলাধীন গোয়ালডিহি টেকনিক্যাল এ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজের টাইপিং ল্যাব এসিস্ট্যান্ট জনাব মো: রেয়াজ উদ্দিন শাহ-কে রেসপনডেন্ট কর্তৃক বেতন ভাতার সরকারি অংশ (এমপিও) প্রদান না করায় পিটিশনারের কর্তৃক তাঁর এর নামে এমপিও তালিকায় অন্তর্ভুক্তির দাবী করে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৩৮৫৪/২০১৯ দায়ের করা হয়। |

০২। উক্ত রিট মামলাটি গত ২৩.০৫.১৯ তারিখে মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক শুনানি শেষে দিনাজপুর খানসামা উপজেলাধীন গোয়ালডিহি টেকনিক্যাল এ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজের টাইপিং ল্যাব এসিস্ট্যান্ট জনাব মো: রেয়াজ উদ্দিন শাহ-কে কেন রেসপনডেন্ট কর্তৃক বেতন ভাতার সরকারি অংশ (এমপিও) প্রদান না করা হবে না, সেমর্মে ২০.০৬.১৯ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য রেসপনডেন্টগণের প্রতি নির্দেশনা দেয়া হয়েছে। সে প্রেক্ষিতে বর্ণিত রিট মামলার জবাব (Affidavit in Opposition) দাখিল করা প্রয়োজন।

০৩। সেমতে উক্ত রিট মামলায় সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল হয়েছে কিনা? হয়ে থাকলে মামলার সর্বশেষ অবস্থা কি? না হয়ে থাকলে জবাব (Affidavit in Opposition) মহামান্য আদালতে দাখিলক্রমে আগামী ১২.১২.১৯ এর মধ্যে TMED কে অবহিত করা আবশ্যিক।

০৪। এমতাবস্থায়, উপরিউক্ত মতে রিট পিটিশন নং-৩৮৫৪/২০১৯ মামলার বিষয়ে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণক্রমে আগামী ১২.১২.১৯ এর মধ্যে এ বিভাগকে অবহিতির (প্রমাণকসহ) জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

মো: আ: খালেক মিঞা
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন: ৪১০৫০১৫৭

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৪। অতিরিক্ত সচিব/উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৫। অফিস কপি/মাস্টার কপি।